

আমি যখন ছিলাম অন্ধ
সুখের খেলায় বেলা গেছে, পাই নি তো আনন্দ ॥
খেলাঘরের দেয়াল গঁথে খেয়াল নিয়ে ছিলাম মেতে,
ভিত ভেঙে যেই এলে ঘরে ঘুচল আমার বন্ধ ।
সুখের খেলা আর রোচে না, পেয়েছি আনন্দ ॥
ভীষণ আমার, রুদ্র আমার, নিদ্রা গেল ক্ষুদ্র আমার -
উগ্র ব্যথায় নূতন ক'রে বাঁধলে আমার ছন্দ ।
যে দিন তুমি অগ্নিবেশে সব-কিছু মোর নিলে এসে
সে দিন আমি পূর্ণ হলেম ঘুচল আমার দ্বন্দ্ব ।
দুঃখসুখের পারে তোমায় পেয়েছি আনন্দ ॥

Parjaay: Puja, Taal: Teyora, Style: Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail